



Office of the Principal
Haldia Government College
P.O. Debhog, Dist: Purba Medinipur,
Pin – 721657

স্নাতকস্তরে ভর্তি - ২০২১- ২২

অ্যাডমিশন ফি ফেরৎ বিষয়ক বিজ্ঞপ্তি

তারিখ - ১৮.০৯.২০২১

এই বিজ্ঞপ্তির সূত্রে জানানো হচ্ছে যে, অ্যাডমিশন ফি ফেরৎ পাওয়ার আবেদন একমাত্র অনলাইন মোডেই, [নিম্নলিখিত লিংকে](#), ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যেই গ্রাহ্য হবে। অর্থ ফেরৎ পাওয়ার আবেদন করার আগে ছাত্রছাত্রীদের নিম্নলিখিত শর্তগুলোকে ভালোভাবে পড়ার জন্যে অনুরোধ করা হচ্ছে ---

- নিম্নলিখিত এই সমস্ত পরিস্থিতিই অর্থ ফেরৎ পাওয়ার ক্ষেত্রে বিবেচ্য --
- প্রযুক্তিগত ভুলবশত (Transaction failure) যদি একই কোর্স / ক্যাটেগরিতে ই-অ্যাডমিশন পদ্ধতিতে একাধিকবার অর্থ গ্রহণ করা হয়ে থাকে
- যদি আবেদনকারীরা ই-অ্যাডমিশন পদ্ধতি চলাকালীন নিজেদের পাঠ্য বিষয় পরিবর্তন করে থাকেন (Subject change)
- যদি অন্য কোনও প্রতিষ্ঠানে ভর্তির কারণে আবেদনকারী নিজের ই-অ্যাডমিশন বাতিল করে থাকেন
- কোনও ছাত্র বা ছাত্রী যদি তার ভর্তি বাতিল করতে চান, তবে তাকে অ্যাডমিশনের ওয়েব-পোর্টালে (ugportal.hgcadmission.org) গিয়ে নিজের অ্যাকাউন্টে লগ ইন করতে হবে। অনলাইন ভর্তি-বাতিলের এই প্রক্রিয়া সম্পন্ন হলে একটা সার্টিফিকেট মিলবে। এই অনলাইন ক্যান্সেলেশন সার্টিফিকেট অবশ্যই প্রদেয় অর্থ ফেরতের জন্যে যে অনলাইন আবেদন, তার সঙ্গেই অনলাইনে জমা দিতে হবে।
- প্রদেয় অর্থ ফেরতের জন্যে অনলাইন আবেদনের সময় নিম্নলিখিত তথ্যসমূহের স্ক্যানড কপিও অবশ্যই অনলাইনে জমা করতে হবে:
 - ব্যাংকের পাসবইয়ের প্রথম পাতা/চেক-বুকের স্ক্যানড কপি (jpeg/pdf format)
 - অ্যাডমিশন ক্যান্সেলেশন সার্টিফিকেট (যদি প্রযোজ্য হয়) (jpeg/pdf format)
 - ক্যান্ডিডেটের স্ক্যান করা স্বাক্ষর (jpeg/pdf format)
- অ্যাডমিশন ফি ফেরতের জন্যে কিন্তু ক্যান্ডিডেটকে অবশ্যই **২৭.০৯.২০২১** তারিখের মধ্যেই অনলাইন ফর্ম পূরণ করতে হবে।
- ফেরতযোগ্য অর্থ সেই অ্যাকাউন্টেই ট্রান্সফার হবে যা রিফান্ডের জন্যে অনলাইন আবেদনের সময় ক্যান্ডিডেট প্রদান করেছেন।
- অর্থ ফেরতের বিষয়টি অবশ্যই বর্তমান সরকারি নিয়ম অনুযায়ী সম্পাদিত হবে।
- **ভর্তির জন্য প্রদেয় অর্থ ফেরৎ পাওয়ার অনলাইন আবেদনের লিঙ্ক – [এখানে ক্লিক করুন।](#)**

Sd/-
Officer-in-Charge
Haldia Government College